**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর তৃতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **C-BNG – 304**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **২ × ৪ = ৮**

১। ‘ধ্বনিরাত্মা কাব্যস্য’ মতটি কার? তিনি কোন সময়ের আলঙ্কারিক?

২। ন’টি ভাব ও তা থেকে উদ্ভূত ন’টি রসের নাম লেখো।

৩। *আরণ্যক* উপন্যাসের প্রকাশকাল লেখো। উপন্যাসটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

৪। যুগলপ্রসাদ কে?

৫। ‘বাঙ্গালা সাহিত্যের আর যে দুঃখই থাকুক, উৎকৃষ্ট গীতিকাব্যের অভাব নাই।’—প্রসঙ্গ উল্লেখ করো।

৬। লম্বকর্ণ কী কী খেয়ে ফেলেছিল?

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৪ × ৪ = ১৬**

৭। টীকা লেখো: ‘ঔচিত্যবাদ’

৮। বুদ্ধদেব বসু স্পোর্টসের বিরুদ্ধে কোন কোন যুক্তি দেখিয়েছেন?

৯। সরস্বতী কুণ্ডীর বর্ণনা দাও।

১০। পোস্টমাস্টার কেন উলাপুর গ্রাম ছেড়েছিলেন?

১১। ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

১২। ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার পরিচয় দাও।

**বিভাগ – গ**

**যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও:** **৮ × ২ = ১৬**

১৩। ‘রস’ বলতে কী বোঝ? রসের নিষ্পত্তি কীভাবে হয় তা আলোচনা করো।

১৪। *আরণ্যক* উপন্যাসের যুগলপ্রসাদ ও ধাওতাল সাহু চরিত্র দু’টির আলোচনা করো।

১৫। সৈয়দ মুজতবা আলীর ‘ইন্টারভ্যু’ প্রবন্ধে ইন্টারভিউ সম্পর্কে যে অভিজ্ঞতার বর্ণনা দিয়েছেন তার পরিচয় দাও।

১৬। হাস্যরস সৃজনে পরশুরামের নৈপুণ্যের পরিচয় দাও।

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা তৃতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 301**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **২ × ৪ = ৮**

১। শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ঐতিহাসিক উপন্যাসগুলির নাম লেখো।

২। *উপনিবেশ* উপন্যাসের লেখক কে? তাঁর লেখা আরও তিনটি উপন্যাসের নাম লেখো।

৩। কৃষ্ণকান্ত কতবার উইল পরিবর্তন করেছে? শেষবার উইল পরিবর্তন করবার সময় সম্পত্তির অধিকার কে কতটা পেয়েছিল?

৪। "কাশী দেখিয়া সে একটু নিরাশ হইয়াছে"— কে, কেন কাশী দেখে নিরাশ হয়েছে?

৫। টীকা লেখো: 'বল্লালী-বালাই'

৬। *প্রথম প্রতিশ্রুতি* উপন্যাসে কোন ব্রতের কথা সত্যবতী তার পিতাকে বলেছিল? সেই ব্রতের মূল কথাটি কী?

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৪ × ৪ = ১৬**

৭। স্বর্ণকুমারী দেবীর উপন্যাসের কয়েকটি বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

৮। বাংলা কথাসাহিত্যের ধারায় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের ভূমিকা ও গুরুত্ব বুঝিয়ে দাও।

৯। "গোবিন্দলালের হৃদয়ে পাশাপাশি উপবেশন করিয়া, কুমতি সুমতি যে কথোপকথন করিতেছিল, তাহা সকলকে শুনাইব।"— কুমতি ও সুমতির এই কথোপকথন উপন্যাসের শিল্পরূপের পক্ষে আবশ্যক নাকি অনাবশ্যক—যুক্তিসহ তোমার মত সংক্ষেপে ব্যাখ্যা করো।

১০। *কৃষ্ণকান্তের উইল* উপন্যাসের রোহিণী চরিত্রটির মনস্তত্ত্ব বুঝিয়ে দাও।

১১। "মহাভারতের সমস্ত চরিত্রের মধ্যে কর্ণের চরিত্র বড় ভালো লাগে তাহার কাছে।"—কার, কেন কর্ণের চরিত্র ভালো লাগত?

১২। *প্রথম প্রতিশ্রুতি* উপন্যাসের রামকালী চরিত্রটির পরিচয় দাও।

**বিভাগ – গ**

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **৮ × ২ = ১৬**

১৩। 'শরৎচন্দ্র চট্টোপাধ্যায় একজন জনপ্রিয় ঔপন্যাসিক।'—শরৎচন্দ্র সমকালীন বাংলা সাহিত্যের ঐতিহাসিক প্রেক্ষাপটটিকে স্মরণে রেখে কথাসাহিত্যিক রূপে শরৎচন্দ্রের জনপ্রিয়তার কারণ অনুসন্ধান করো।

১৪। *কৃষ্ণকান্তের উইল* উপন্যাসের প্রথম সংস্করণের (১৮৭৮) শেষে দেখি বারুণী পুষ্করিণীর জলে ডুবে গোবিন্দলাল আত্মহনন করেছে। এই উপন্যাসের পরিমার্জিত চতুর্থ সংস্করণে (১৮৯২) অর্থাৎ বঙ্কিমের জীবৎকালের শেষ সংস্করণে গোবিন্দলাল আত্মহনন করে না; ভ্রমরের মৃত্যুর বারো বৎসর পর হরিদ্রাগ্রামে ফিরে আসে এবং হরিদ্রাগ্রাম থেকে চলেও যায়। এই দুই পাঠভেদের কোনটি উপন্যাসের কাহিনি পরিকল্পনার ক্ষেত্রে অধিক যুক্তিযুক্ত বলে তোমার মনে হয়, তা সংক্ষেপে আলোচনা ক'রে বুঝিয়ে দাও।

১৫। *পথের পাঁচালী* উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

১৬। *প্রথম প্রতিশ্রুতি* উপন্যাস কীভাবে একটি বিশেষ সময়ের সমাজ-ইতিহাসের দলিল হয়ে উঠেছে তা আলোচনা করো।

---

## ঝাড়গ্রাম রাজ কলেজ

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা তৃতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 302**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

### বিভাগ – ক

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **২ × ৪ = ৮**

১। প্রেমেন্দ্র মিত্রের প্রথম প্রকাশিত গল্পের নাম কী? সেটি কোথায় প্রকাশিত হয়?

২। লেখকের নামসহ প্রকাশকাল লেখো (যে-কোনো দু'টি):

'বেদেনী', 'কজ্জলী', 'নবকথা', 'প্রাগৈতিহাসিক', 'রসকলি'

৩। 'চিকিৎসা সংকট' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত? নন্দবাবুকে যারা যারা চিকিৎসা করেছিলেন তাদের নাম লেখো।

৪। 'ইহাদের মধ্যে বিবাহের এক বিচিত্র প্রথা প্রচলিত ছিল'—বিবাহের এই বিচিত্র প্রথাটি উল্লেখ করো।

৫। স্টলের দ্বিতীয় সারিতে বসে অপেরা গ্লাস দিয়ে অভিনয় দেখা কেরাণীটির নাম কী? তিনি কী অভিনয় দেখছিলেন?

৬। 'আধঘন্টা ধরে ওরা তিনজনে পালা করে ডুব দিয়ে চেষ্টা করে, ফল হয় না'—তিনজন বলতে কাদের বোঝানো হয়েছে? শেষপর্যন্ত কে কতবারের চেষ্টায় সফল হয়েছিল?

### বিভাগ – খ

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৪ × ৪ = ১৬**

৭। আঞ্চলিক জীবনের ছোটোগল্পকার রূপে তারাশঙ্করের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

৮। 'মহাশ্বেতা দেবীর গল্প সমাজের শোষিত, অন্ত্যজ শ্রেণির প্রতিবাদের ভাষ্য।'—এ সম্পর্কে সংক্ষেপে তোমার মতামত দাও।

৯। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের স্টিফান হেরো চরিত্রের গুরুত্ব তুলে ধরো।

১০। 'বনজ্যোৎস্না' গল্প অবলম্বনে শিউকুমারী চরিত্রের পরিণতির পরিচয় দাও।

১১। 'সদগতি' গল্পে সামাজিক বৈষম্য আর অস্পৃশ্যতার যে কুৎসিত রূপ ধরা পড়েছে, তা তোমার নিজের ভাষায় লেখো।

১২। আন্তন চেকভের 'কেরাণীর মৃত্যু' গল্পের ঘটনাবিন্যাস ও অভিপ্রায় বিশ্লেষণ ক'রে কেরাণীটির মৃত্যুর কারণ নির্দেশ করো।

### বিভাগ – গ

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **৮ × ২ = ১৬**

১৩। সুবোধ ঘোষের গল্পে মধ্যবিত্তের শ্রেণিস্বরূপ যেভাবে ধরা পড়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

১৪। 'হয়তো' গল্পটির আঙ্গিক বিচার করো।

১৫। দেশবিভাগ ও সাম্প্রদায়িক দাঙ্গার ভয়াবহতা ধারণ করেও 'পেশোয়ার এক্সপ্রেস' শেষ পর্যন্ত হয়ে উঠেছে মানবতার এক ব্যতিক্রমী আখ্যান—আলোচনা করো।

১৬। ঘটশ্রাদ্ধ শব্দটির অর্থ উল্লেখ ক'রে গল্পকার কোন অর্থে ঘটশ্রাদ্ধ নামকরণ করেছেন তা বিশ্লেষণ করো।

---

**ঝাড়গ্রাম রাজ কলেজ**

(বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনুমোদিত)

স্নাতকোত্তর বাংলা তৃতীয় ষণ্মাস মূল্যায়ন ২০২২

পত্র: **BNG – 303**

**পূর্ণমান: ৪০** **সময়: ২ ঘন্টা**

**বিভাগ – ক**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **২ × ৪ = ৮**

১। দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা দু'টি ঐতিহাসিক নাটকের ও দু'টি নাট্যকাব্যের নাম লেখো।

২। জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের লেখা দু'টি গীতিনাট্যের নাম ও তার প্রকাশকাল লেখো।

৩। "ময়ূর চকোর শুক চাতকে না পায়/ হায় বিধি পাকা আম দাঁড়কাকে খায়"—কার উক্তি? কাকে উদ্দেশ ক'রে তিনি এই উক্তি করেছেন?

৪। *বুড় শালিকের ঘাড়ে রোঁ* নাটকে ক'টি অঙ্ক আছে? প্রতিটি অঙ্কে ক'টি করে গর্ভাঙ্ক আছে?

৫। *জনা* প্রথম কবে, কোথায় অভিনীত হয়? এই নাটকটি গ্রন্থাকারে প্রকাশিত হয় কত সালে?

৬। *নবান্ন* নাটকে মন্বন্তরের সময়কালটি বুঝিয়ে দাও।

**বিভাগ – খ**

**যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:** **৪ × ৪ = ১৬**

৭। 'গিরিশচন্দ্র ঘোষ ও বাংলা পৌরাণিক নাটকের ঐতিহ্য'—এই বিষয়ে একটি অতিসংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো।

৮। মন্মথ রায়ের লেখা চারটি নাটকের নামোল্লেখ ক'রে সংক্ষেপে বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর অবদান সম্পর্কে সংক্ষেপে লেখো।

৯। *বুড় শালিকের ঘাড়ে রোঁ* নাটকের সংলাপের ভাষাশিল্পে মধুসূদন তাঁর প্রতিভার পরিচয় দিয়েছেন।'— সংক্ষেপে আলোচনা করো।

১০। *জনা* নাটকের বিদূষক চরিত্রটি বিশ্লেষণ করো।

১১। *নবান্ন* নাটকে গান ব্যবহারের গুরুত্ব কতখানি, সে সম্বন্ধে তোমার অভিমত ব্যক্ত করো।

১২। *নবান্ন* নাটকের 'প্রধান সমাদ্দার' চরিত্রের সার্থকতা বিচার করো।

**বিভাগ – গ**

**যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও:** **৮ × ২ = ১৬**

১৩। বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে দীনবন্ধু মিত্রের অবদান আলোচনা করো।

১৪। প্রহসন রূপে *বুড় শালিকের ঘাড়ে রোঁ* কতখানি সার্থক— আলোচনা করো।

১৫। '*জনা* নাটকের ক্রোড়অঙ্কটিকে বাদ দিলে জনা একটি সার্থক ট্র্যাজেডি হতে পারত।'—আলোচনা করো।

১৬। '*নবান্ন* নাটকের গঠনে অভিনবত্ব আছে।'—বাংলা নাটকের ধারায় এই অভিনবত্বের গুরুত্ব পর্যালোচনা করো।

---